



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)

৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ১৮ ফাল্গুন ১৪২৭
০৩ মার্চ ২০২১

প্রশাসনিক পরিপত্র নং- ১১/২০২১


আর্থিক প্রতিষ্ঠানের লভ্যাংশ ঘোষণা প্রসঙ্গে ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত ডিএফআইএম সার্কুলার নং-০১ এর আলোকে কর্পোরেশনের লভ্যাংশ ঘোষণায় করণীয় নির্ধারণের নিমিত্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে একটি পর্যালোচনা কমিটি গঠন করা হলো:

০১. মিসেস নাসমিন আনোয়ার, মহাব্যবস্থাপক, অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স	সভাপতি
০২. জনাব মোহাম্মদ জাকের হোসেন, উপ-মহাব্যবস্থাপক, অ্যাকাউন্টস ডিভিশন	সদস্য
০৩. জনাব মুজিবুর রহমান খান, উপ-মহাব্যবস্থাপক, ফাইন্যান্স ডিভিশন	সদস্য
০৪. জনাব এ.এস.এম. হায়দারুজ্জামান, উপ-মহাব্যবস্থাপক, পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিভিশন	সদস্য
০৫. জনাব মোঃ আল আমিন তালুকদার, উপ-মহাব্যবস্থাপক, ইমপ্লিমেন্টেশন এন্ড রিকভারি ডিভিশন	সদস্য
০৬. জনাব মোঃ হামিদুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক, মার্চেন্টাইজিং ডিভিশন	সদস্য
০৭. জনাব মোঃ শরিকুল আনাম, উপ-মহাব্যবস্থাপক, প্লানিং এন্ড রিসার্চ ডিভিশন	সদস্য
০৮. জনাব এ. কে. এম. নূরুজ্জামান, সহকারী মহাব্যবস্থাপক, সেন্ট্রাল অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-০১ এর আলোকে কমিটি কর্পোরেশনের লভ্যাংশ ঘোষণায় করণীয় সম্পর্কিত প্রতিবেদন আগামী ০৭ কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সমীপে উপস্থাপন করবে।

- ০২। সভাপতির অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটি প্রয়োজনে কর্পোরেশনের যে-কোনো কর্মচারীকে কো-অপ্ট করতে পারবে।
- ০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।


(তানজিনা চৌধুরী)
মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মিসেস/জনাব
০২. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০৩. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৪. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৯. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

Website: www.bb.org.bd

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-০১

তারিখ : ১১ ফাল্গুন ১৪২৭
২৪ ফেব্রুয়ারি ২০২১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের লভ্যাংশ ঘোষণা প্রসঙ্গে


বৈশ্বিক মহামারি COVID-19 (Novel Coronavirus Disease) এর প্রভাব হতে সৃষ্ট চ্যালেঞ্জ মোকাবেলায় ব্যয় সাশ্রয়ী পরিচালন প্রক্রিয়া অনুসরণের পাশাপাশি মূলধন সাশ্রয়ী ও তারল্য সহায়ক লভ্যাংশ বন্টন নীতিমালা অত্যাৱশ্যক। এ লক্ষ্যে লভ্যাংশ ঘোষণায় নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য পরামর্শ প্রদান করা হলো:

১. যে সকল আর্থিক প্রতিষ্ঠান সংরক্ষিতব্য সংস্থান না রেখে বাংলাদেশ ব্যাংক হতে ঘাটতি সমন্বয়ে Deferral সুবিধা ভোগ করেছে, সে সকল আর্থিক প্রতিষ্ঠান সম্পূর্ণ সংস্থান সংরক্ষণের পূর্বে কোন প্রকার নগদ লভ্যাংশ ঘোষণা করবে না। তবে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে সর্বোচ্চ ৫% স্টক লভ্যাংশ ঘোষণা করতে পারবে;
২. যে সকল আর্থিক প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ১০% এর বেশি রয়েছে, সে সকল আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতীত কোন প্রকার লভ্যাংশ ঘোষণা করবে না;
৩. যে সকল আর্থিক প্রতিষ্ঠানের CAR% (Capital Adequacy Ratio) ১০% এর কম এবং শ্রেণিকৃত ঋণের হার ১০% এর বেশি রয়েছে, সে সকল আর্থিক প্রতিষ্ঠান কোন প্রকার লভ্যাংশ ঘোষণা করতে পারবে না;
৪. এতদ্ব্যতীত, সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় আর্থিক প্রতিষ্ঠানসমূহের নগদ লভ্যাংশের হার ১৫% এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত



(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮